## উপজেলা আইসিটি বিষয়ক কমিটির ডিসেম্বর ২০২৫ খ্রি. মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : লিয়াকত সালমান
উপজেলা নির্বাহী অফিসার
পুঠিয়া, রাজশাহী।

সভার তারিখ : ২৮/১২/২০২৫ খ্রি:। সভার সময় : সকাল-১২.৩০ টা।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, পুঠিয়া, রাজশাহী

**সভায় উপস্থিতির বিস্তারিত আলোচনাসমূহঃ**

উপজেলা নির্বাহী অফিসার, পুঠিয়া, রাজশাহী এবং সভাপতি, উপজেলা আইসিটি কমিটি সভার উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানান। অত:পর উপজেলা নির্বাহী অফিসারের অনুমতিক্রমে সহকারী প্রোগ্রামার, পুঠিয়া, রাজশাহী ও সদস্য সচিব, উপজেলা আইসিটি কমিটি নিম্নোক্ত আলোচ্যসূচি সভায় উপস্থাপন করেন। সভার আলোচ্যসূচি অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত হয়।

| ক্রম | বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১.১ | গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়ীকরণ | সভায় গত ২৭ নভেম্বর ২০২৫ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। এতে কারোও কোন আপত্তি বা সংশোধনী প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | গত ২৭ নভেম্বর ২০২৫ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | ----- |
| ১.২ | ওয়েব পোর্টাল হালনাগাদকরণ | সভায় উপস্থিত সকল দপ্তর প্রধানকে তাদের নিজ নিজ দপ্তরের তথ্যগুলো নিয়মিত হালনাগাদ ও বর্তমানে ওয়েব পোর্টালের অন্তর্ভুক্ত সর্বাপেক্ষা দুর্বল দপ্তরের নাম উল্লেখপূর্বক দ্রুত সমাধানের জন্য অনুরোধ জানানো হয়। | ২.১। ওয়েব পোর্টাল হালনাগাদ করার জন্য দপ্তর প্রধানদের আরও আন্তরিক হওয়ার জন্য অনুরোধ জানানো হয় এবং তা সিদ্ধান্ত আকারে গৃহীত হয়।<br><br>২.২।ওয়েব পোর্টালে জরুরি হালনাগাদ এর জন্য সহকারী প্রোগ্রামারকে কারিগরি সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ জানানো হয় এবং তা সিদ্ধান্ত আকারে গৃহীত হয়।<br><br>২.৩। সকল দপ্তর প্রধান মাসে অন্তত ০২ বার ওয়েব পোর্টালে লগইন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১।দপ্তর প্রধান(সকল), পুঠিয়া<br><br>২। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, পুঠিয়া।<br>৩। সকল দপ্তর প্রধান |
| ১.৩ | ডি-নথি কার্যক্রম পরিচালনা সংক্রান্ত | সভাপতি অবহিত করেন যে, প্রধান কার্যালয়ের নির্দেশনা মোতাবেক উপজেলা কার্যালয়ের সকল অফিসে ডি-নথিতে চিঠি পত্র আদান প্রদান এবং সকল ডাক নিষ্পন্ন করার বিষয়ে আলোচনা করা হয়। | যে সকল দপ্তর ডি-নথি সিস্টেমে লাইভে রয়েছে, সে সকল দপ্তরকে ডি-নথির কার্যক্রম বেগবান করার জন্য অনুরোধ জানান। | ১। ডি-নথি লাইভে অন্তর্ভুক্ত সকল দপ্তর প্রধান। |
| ১.৪ | আইসিটিডি ডিজিটাল ল্যাব সংক্রান্ত | সভাপতি বলেন, আইসিটিডি ডিজিটাল ল্যাব এর সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করতে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও সহকারী প্রোগ্রামারকে নিয়মিত সকল ল্যাবসমূহ পরিদর্শন এবং তদারকি করার জন্য তাগিদ প্রদান করেন ও SOMS(Smart Office Management System) সফটওয়্যার নিয়ে আলোচনা করা হয়। | ১। উপজেলার সকল আইসিটিডি ডিজিটাল ল্যাব ও আইসিটিডি স্কুল অব ফিউচার এর সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করতে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও সহকারী প্রোগ্রামার নিয়মিত সকল ল্যাবসমূহ পরিদর্শন ও সহকারী প্রোগ্রামারকে SOMS সটওয়্যারে soms.gov.bd তে লগইন করে পরিদর্শনের তথ্য প্রদান করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>২। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, পুঠিয়া। |
| ১.৫ | মাল্টিমিডিয়া ক্লাসরুম | অত্র উপজেলায় যে সব শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাসরুম আছে তা নিয়মিত পরিদর্শন করার জন্য অনুরোধ জানানো হয় এবং প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করার জন্য অনুরোধ জানানো | ১। সকল উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা শিক্ষা অফিসার কে শিক্ষা প্রতিষ্ঠানগুলো পরিদর্শন করে মাল্টিমিডিয়া সংক্রান্ত তথ্য নিয়মিত | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | হয়। মাল্টিমিডিয়া সংক্রান্ত তথ্য নিয়মিত আপলোড করার বিষয়ে উদ্বুদ্ধ করতে হবে। | আপলোড করেছে কিনা দেখবেন মর্মে আকারে গৃহীত হয়। | শিক্ষা অফিসার, পুঠিয়া। |
| ১.৬ | সুরক্ষাসংক্রান্ত | উপজেলা পর্যায়ে সুরক্ষা সংক্রান্ত সেবা ও করণীয় সম্পর্কিত নানাবিধ আলোচনা করা হয়। | উপজেলা পর্যায়ে সুরক্ষা সংক্রান্ত বিষয়ে সাধারণ জনগন সেবা নিতে আসলে সেবা গ্রহীতাকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, রাজশাহীতে প্রেরণ করবেন বলে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, পুঠিয়া। |
| ১.৭ | ইডিসি প্রকল্প (উপজেলা সেবা ও তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র) | পুঠিয়া উপজেলায় এলজিডি কর্তৃক বাস্তবায়িত উপজেলা পরিষদ নতুন কমপ্লেক্স ভবন দ্রুত হস্তান্তর হবে। উপজেলা সেবা ও তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ বিষয়ে বিভিন্ন আলোচনা করা হয়। | প্রকল্প অফিস ও উপজেলা এলজিডি অফিসের সাথে সমন্বয় পূর্বক নিয়মিত উপজেলা সেবা ও তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র নির্মানের কার্যক্রম পর্যবেক্ষণ করবেন বলে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, পুঠিয়া। |
| ১.৮ | ইডিসি প্রকল্প (এন্ড ইউজার কানেক্টিভিটি) | প্রান্তিক পর্যায়ে ব্রডব্যান্ড সংযোগ প্রদানের জন্য পুঠিয়া উপজেলায় জাতীয় বিশ্ববিদ্যালয়, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান, প্রাথমিক, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান, কমিউনিটি ক্লিনিক, সমাজসেবা অধিদপ্তর সহ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্প" এর আওতায় রাজশাহী জেলার অন্তর্গত পুঠিয়া **উপজেলা**র মোট ১৯৬টি ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ এর মধ্যে ১৬০ টি কানেক্টিভিটি স্থাপন সম্পন্ন হয়। এগুলোর রক্ষণাবেক্ষণের কাজ চলমান রয়েছে।<br>২। প্রকল্প দপ্তর থেকে ত্রিপক্ষীয় চুক্তি স্বাক্ষরের বিষয়ে পত্র পাওয়া যায়। উক্ত পত্রের বিষয়ে আলোচনা করা হয়।<br>৩। ভেন্ডর বা ISP প্রতিষ্ঠান কর্তৃক সেবার মান নিশ্চিত করা ও করণীয় বিষয়ে আলোচনা করা হয়। | ১। বাস্তবায়নে সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানগণ সংশ্লিষ্ট ISP প্রতিষ্ঠানকে সহযোগিতা করবেন বলে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২। প্রকল্প দপ্তর কর্তৃক মনোনিত ভেন্ডর প্রতিষ্ঠান Asia Pacific Communication Ltd. কর্তৃক প্রদানকৃত ইন্টারনেট কানেক্টিভিটি উপজেলা আইসিটি অফিস নিয়মিত তদারকি করবেন বলে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৩। ত্রিপক্ষীয় চুক্তি সম্পাদনে প্রয়োজনীয় সহযোগিতা বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৪। ভেন্ডর বা ISP প্রতিষ্ঠানের গ্রাহক পর্যায়ে নিরবিচ্ছিন্ন ও গ্রাহক পর্যায়ে নিরবিচ্ছিন্ন ও পর্যাপ্ত ব্যান্ডওয়াইথ নিশ্চিত করতে তদারকি অব্যাহতি রাখা। | ১। সংশ্লিষ্ট মন্ত্রাণালয়ের রাজশাহী জেলার পুঠিয়া উপজেলা পর্যায়ে বিভিন্ন দপ্তর প্রধানগণ।<br><br>২। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, পুঠিয়া। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

(লিয়াকত সালমান)
উপজেলা নির্বাহী অফিসার
পুঠিয়া,রাজশাহী।
ফোনঃ ০২৫৮৮৮৬৮৬২১(অফিস)
ইমেইল ঃ unoputhia@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, পুঠিয়া, রাজশাহী।
http://doict.puthia.rajshahi.gov.bd

স্মারক নং- : ৫৬.০৪.৮১৮২.০০০.০৬.০০১.২৫.৩৯

১৩ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
২৮ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-
১। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
২। জেলা প্রশাসক, রাজশাহী ।
৩। অতিরিক্ত জেলা প্রশাসক( শিক্ষা ও আইসিটি), রাজশাহী ।
৪। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, রাজশাহী।

shahida
২৮/১২/২০২৫
( মোছা: সাহিদা আক্তার)
সহকারী প্রোগ্রামার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, পুঠিয়া, রাজশাহী।